

II মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ পরিচ্ছেদ: জানাযা সংক্রান্ত নারীদের বিশেষ বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১. মৃত নারীকে গোসল দেওয়ার দায়িত্ব কোনো নারীর গ্রহণ করা ওয়াজিব:

আল্লাহ তা'আলা প্রত্যেক নফসের জন্যই মৃত্যুকে অবধারিত করে দিয়েছেন। স্থায়িত্ব একমাত্র তার নিজের জন্যই সংরক্ষিত। তিনি বলেন:

﴿ وَيَبِالْقَىٰ وَجِالُهُ رَبِّكَ ذُو ٱللَّاجِلُلِ وَٱلنَّاإِكَارَامِ ٢٧ ﴾ [الرحمن: ٢٧]

"আর থেকে যাবে শুধু মহামহিম ও মহানুভব তোমার রবের চেহারা"। [সূরা আর-রহমান, আয়াত: ২৭] বনু আদমের জানাযার সাথে কিছু বিধান রয়েছে, যা বাস্তবায়ন করা জীবিতদের ওপর জরুরি। তন্মধ্যে এখানে আমরা শুধু নারীদের সাথে খাস জরুরি কতক বিধান উল্লেখ করব।

১. মৃত নারীকে গোসল দেওয়ার দায়িত্ব কোনো নারীর গ্রহণ করা ওয়াজিব:

মৃত নারীকে গোসল নারীই দিবে, পুরুষের পক্ষে তাকে গোসল দেওয়া বৈধ নয় স্বামী ব্যতীত, স্বামীর পক্ষে স্ত্রীকে গোসল দেওয়া বৈধ। অনুরূপ পুরুষকে গোসল করানোর দায়িত্ব পুরুষ গ্রহণ করবে, নারীর পক্ষে তাকে গোসল দেওয়া বৈধ নয় স্ত্রী ব্যতীত, স্ত্রীর পক্ষে নিজ স্বামীকে গোসল দেওয়া বৈধ। কারণ, আলী রাদিয়াল্লাহু 'আনহু নিজ স্ত্রী ফাতিমা বিনতে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে গোসল দিয়েছেন, অনুরূপ আসমা বিনতে উমাইস নিজ স্বামী আবু বকর রাদিয়াল্লাহু 'আনহুকে গোসল দিয়েছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14707

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন